সিলেটে এনটিভির সাংবাদিক মারুফ আহমদকে অপহরণের চেষ্টা: গ্রেফতার ২

চেম্বার ডেস্ক:: বেসরকারি টেলিভিশন এনটিভি’র স্টাফ রিপোর্টার ও ইলেকট্রনিক মিডিয়া জার্নালিস্ট এসোসিয়েশন (ইমজা) সিলেটের সাধারণ সম্পাদক মারুফ আহমদকে অপহরণ চেষ্টার ঘটনায় শামিম ও রাজু নামে দুইজন কে গ্রেফতার করেছে পুলিশ।

সোমবার (২১ মার্চ) দিবাগত রাতে সুনামগঞ্জের ছাতক এলাকা থেকে তাদের গ্রেফতার করা হয়। গ্রেফতারের বিষয়টি নিশ্চিত করেছেন সিলেট মেট্রোপলিটন পুলিশের কোতোয়ালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আলী মাহমুদ।

এর আগে সোমবার আনুমানিক রাত ৮টার দিকে সিলেট নগরীর জিন্দাবাজার ব্ল-ওয়ার্টারের আন্ডারগ্রান্ড থেকে তিন যুবক মারুফ আহমদকে অপহরণ চেষ্টা চালালে লোকজন এসে তাকে উদ্ধার করেন। এসময় ওই তিন যুবক সাংবাদিক মারুফকে মারধর করে নগদ অর্থ ও জরুরি কাগজপত্র ছিনিয়ে নিয়ে যায়।

অপহরণকারীদের হামলায় আহত সাংবাদিক মারুফ আহমদকে প্রাথমিক চিকিৎসার জন্য সিলেটের ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করা হয়।

সাংবাদিক মারুফ আহমদ বলেন, ‘ব্লু-ওয়ার্টারের আন্ডারগ্রাউন্ডে মোটরসাইকেল পার্কিং করার সময় হঠাৎ করে তিন যুবক মিলে তার উপর হামলা চালিয়ে তাকে অপহরণের চেষ্টা চালান। এসময় তার চিৎকারে আশপাশের লোকজন এসে তাকে উদ্ধার করেন।